

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯৫

২২/ সাওম [রোযা] (১যা়০)

পরিচ্ছেদঃ ৭৫/ একদিন সাওম পালন করা, এবং একদিন সাওম ভঙ্গ করা এবং এ প্রসঙ্গে আবদুল্লাহ ইবন আমর (রাঃ) এর হাদীস বর্ণনায় রাবীদের শব্দ বর্ণনার পার্থক্যের উল্লেখ

باب صَوْمِ يَوْمٍ وَإِفْطَارِ يَوْمٍ وَذِكْرِ اخْتِلاَفِ أَلْفَاظِ النَّاقِلِينَ فِي ذَلِكَ لِخَبَرِ عَبْدِ الله بن عمر فيه

আরবী

أَخْبَرَنِي أَحْمَدُ بْنُ بَكَّارٍ، قَالَ حَدَّثَنَا مُحَمَّدٌ، _ وَهُوَ ابْنُ سَلَمَةً _ عَنِ ابْنِ إِسْحَاقَ، عَنْ مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، قَالَ دَخَلْتُ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، قَالَ دَخَلْتُ عَلَى عَمِّ عَمَّا قَالَ لَكَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ يَا ابْنَ أَخِي إِنِّي كُنْتُ أَجْمَعْتُ عَلَى أَنْ أَجْتَهِدَ اجْتِهَادًا شَدِيدًا حَتَّى قُلْتُ لأَصُومَنَّ الدَّهْرَ وَلأَقْرَأَنَّ الْقُرْآنَ وَلاَ قُرْآنَ الْقُرْآنَ الْقُرْآنَ ". فَقُلْتُ قَدْ قُلْتُ ذَلِكَ وَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَأْتَانِي حَتَّى دَخَلَ عَلَى فِي كُلِّ يَوْم وَلَيْلَةٍ فَسَمِعَ بِذَلِكَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَأْتَانِي حَتَّى دَخَلَ عَلَى فِي كُلِّ يَوْم وَلَيْلَةٍ فَسَمِعَ بِذَلِكَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَأْتَانِي حَتَّى دَخَلَ عَلَى فِي كُلِّ يَوْم وَلَيْلَةٍ فَسَمِعَ بِذَلِكَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَأْتَانِي حَتَّى دَخَلَ عَلَى فِي دَارِي فَقَالَ " بَلَغَنِي أَنَّكَ قُلْتُ لأَصُومَنَّ الدَّهْرَ وَلأَقُرْأَنَّ الْقُرْآنَ ". فَقُلْتُ قَدْ قُلْتُ نَلِكَ مَلْ رَسُولُ اللّهِ . قَالَ " فَلاَ تَفْعَلْ صُمُ مِنْ كُلِّ شَهْرٍ ثَلاَثَةَ أَيَّامٍ ". قُلْتُ إِنِي أَقُوى عَلَى أَيْ السَّلَامُ فَإِنَّ اللَّهِ يَوْمَا مُفُولَى اللهِ يَوْمًا مُقُولِ اللهِ يَوْمًا مُقُولًا وَإِنَّهُ كَانَ إِذَا وَعَدَ لَمْ يُخْلِفْ وَإِذَا لاَقَى لَمْ يَفِرٌ ".

বাংলা

২৩৯৫। আহমদ ইবনু বাককার (রহঃ) ... আবূ সালামা ইবনু আব্দুর রহমান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) এর কাছে গিয়ে বললাম, হে চাচা! রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আপনাকে যা বলেছিলেন তা আমাকে বলুন। তিনি বললেন, হে আমার ভ্রাতৃম্পুত্র, আমি দৃঢ় সংকল্প করেছিলাম যে, আমি অত্যধিক পবিশ্রম করব, এমনকি মনে মনে বলেছিলাম যে, আমি অবশ্যই সারা জীবন সাওম পালন করব এবং প্রত্যেক দিবা রাত্রে একবার কুরআন খতম করব। এ খবর রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম শুনে ফেললে তিনি আমার কাছে আসলেন এবং ঘরে প্রবেশ করে বললেন যে, আমি শুনেছি তুমি নাকি বলেছ যে, আমি



অবশ্যই সারা জীবন সাওম পালন করব এবং সারাক্ষণ কুরআন তিলাওয়াত করব? আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ! আমি অবশ্যই বলেছে।

তিনি বললেন, তুমি এরপে কর না বরং তুমি প্রত্যেক মাসে তিন দিন সাওম পালন করবে। আমি বললাম, আমি তো এর চেয়েও অধিক সাওম পালন করার সামর্থ্য রাখি। তিনি বললেন, তাহলে তুমি প্রত্যেক সপ্তাহে দুই দিন সাওম পালন করবে সোমবার এবং বৃহপ্পতিবার। আমি বললাম, আমি তো এর চেয়েও অধিক সাওম পালনের সামর্থ্য রাখি। তিনি বললেন, তাহলে তুমি দাউদ (আঃ) এর ন্যায় সাওম পালন করবে। কেননা সেটাই আল্লাহ তা'আলার নিকট সর্বোত্তম সাওম। একদিন সাওম পালন করবে আর একদিন সাওম ভঙ্গ করে ফেলবে। আর দাউদ (আঃ) যখন ওয়াদা করতেন তা পূর্ণ করতেন আর যখন শক্রর মুখোমুখী হতেন পলায়ন করতেন না।

English

It was narrated that Abu Salamah bin 'Abdur-Rahman said:

"I entered upon 'Abdullah bin 'Amr and said: O uncle, tell me what the Messenger of Allah said to you. He said: O son of my brother, I had resolved to strive very hard until I said: I will fast for the rest of my life and I will read the whole Quran every day and night. The Messenger of Allah heard about that, and came in to me in my house, and said: I have heard that you said, I will fast for a lifetime and will read the Quran. I said: I did say that, O Messenger of Allah. He said; Do not do that. Fast three days of each month. I said: I am able to do more than that. He said: fast two days of each week, Monday and Thursday. I said: I am able to do more than that. He said; Observe the fast of Dawud, peace be upon him, for it is the best kind of fasting before Allah; one day fasting, and one day not fasting. And when he made a promise he did not break it, and when he met (the enemy in battle) he did not flee." 'Ata said: "someone who heard him told me that Ibn 'Umar (said) that the Prophet said: 'Whoever fasts every day of his life, then he has not fasted."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সালামাহ ইবন আবদুর রাহমান (রহঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21562

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন